

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, মার্চ ১৫, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.১১.০১২.১৬-১৫১।—বাংলাদেশ নির্বাচন কমিশন 'জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬' এর বিধি ৮৬-এ প্রদত্ত ক্ষমতাবলে, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.২০.১৪৫নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া ও তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্ন করার নিমিত্ত নিম্ন তফসিলের ২নং কলামে বর্ণিত জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ৩নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৭ (সাত) জন কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ০৭ মার্চ, ২০২৪ হতে ১১ মার্চ, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল:

“তফসিল”

ক্রমিক নং	জেলার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩
১.	কুড়িগ্রাম	জনাব লিটন চন্দ্র রায়, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
২.	লালমনিরহাট	জনাব ইসরাফিল আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট
৩.	ঠাকুরগাঁও	জনাব আরিফুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও
৪.	সিরাজগঞ্জ	জনাব মোঃ আলমগীর হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ
৫.	হবিগঞ্জ	জনাব মোঃ ছিফাত উল্লাহ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
৬.	ব্রাহ্মণবাড়িয়া	জনাব ছাদেকুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
৭.	যশোর	বেগম জাকিয়া সুলতানা, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর

( ২৪৬৫ )

মূল্য : টাকা ৪.০০

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address (ds\_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন:

“ছক”

জেলার নাম : .....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২(দুই) জন শশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুছ সালাম

উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd